



শিগগিরই জাতীয় নির্বাচনের তফসিল, নির্বিঘ্ন ভোটাধিকার প্রয়োগের সব প্রস্তুতি সম্পন্ন: আসিফ নজরুল”



আইন উপদেষ্টা আসিফ নজরুল: সংগৃহীত ছবি

জাতীয় নির্বাচনের তফসিল ঘোষণার সময় এগিয়ে এসেছে বলে জানিয়েছেন আইন উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল। তিনি বলেন, ভোটাধিকার নিশ্চিত করতে সরকার যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করেছে এবং খুব শিগগিরই নির্বাচনের ঘোষণা আসবে।

বৃহস্পতিবার (৩১ জুলাই) সচিবালয়ে সাংবাদিকদের তিনি বলেন, “জনগণ যেন নির্বিঘ্নে ভোটাধিকার প্রয়োগ করতে পারে, সে বিষয়ে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।” ২০০৮ সালের নির্বাচনের প্রসঙ্গ টেনে তিনি বলেন, “সেই নির্বাচন নিয়ে ভয়াবহ তথ্য রয়েছে, যা অনুসন্ধান করলে সাংবাদিকরা অনেক গুরুত্বপূর্ণ বিষয় উদঘাটন করতে পারবেন।” তবে তিনি আশা প্রকাশ করেন, এবারকার নির্বাচন হবে সুষ্ঠু, গ্রহণযোগ্য ও স্বচ্ছ।

বর্তমান সরকারের নেওয়া আইনি ও প্রাতিষ্ঠানিক সংস্কারের কথাও উল্লেখ করেন আসিফ নজরুল। তিনি জানান, “আইন মন্ত্রণালয়ের সুপারিশক্রমে রাজনৈতিক হয়রানিমূলক প্রায় ১৬ হাজার মামলা প্রত্যাহারের উদ্যোগ নেওয়া হয়েছে, যা কয়েক লাখ নাগরিকের জন্য মুক্তির পথ তৈরি করেছে।” ডিজিটলাইজেশন এবং প্রশাসনিক ব্যবস্থায় ব্যাপক সংস্কারের ফলে সরকার কাঠামোগত উন্নয়নও ঘটিয়েছে বলে উল্লেখ করেন তিনি। এই উদ্যোগগুলো ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করেন আইন উপদেষ্টা।